ঝিনাইদহে শিক্ষার্থীদের মেধাবৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত

শিক্ষার্থীদের মেধা যাচাই, শিক্ষার মান উন্নয়নসহ লেখাপড়ায় উদ্বুদ্ধ করতে ঝিনাইদহে শিশু শিক্ষা নিকেতনের উদ্যোগে মেধা বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার (০১ নভেম্বর) সকালে শহরের আরাপপুর শিশু শিক্ষা নিকেতনে এ বৃত্তির পরীক্ষা অনুষ্ঠিত হয়। সকাল থেকে বিকাল পর্যন্ত ২য় থেকে ৮ম শ্রেণী পর্যন্ত পরীক্ষা গ্রহণ করা হয়।

আয়োজক ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোস্তাফিজুর রহমান ও পরিচালক নাছরিন আক্তার জানান, মেধাবৃত্তির এই পরীক্ষায় ঝিনাইদহের ৬ উপজেলা থেকে ৫’শ শিক্ষার্থী অংশ নিয়েছে। আগামী ফেব্রুয়ারি মাসের প্রথম সপ্তাহে এ পরীক্ষার ফলাফল দেওয়া হবে। ট্যালেন্ট, ১ম, ২য় ও সাধারণ গ্রেডে বৃত্তি পাবে শিক্ষার্থীরা।

অভিবাবক ও শিক্ষার্থীরা জানায়, সুষ্ঠু ও সুশৃঙ্খল পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। পরীক্ষা শেষে শিক্ষার্থীরা জানায়, তারা পরীক্ষার প্রশ্নপত্র ও সার্বিক ব্যবস্থাপনায় সন্তুষ্ট।